# আম্বালা'য় কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

ambala foundation

আম্বালা ফাউন্ডেশন একটি অলাভজনক, বিদেশী অনুদান মুক্ত সম্পূর্ণ আত্মনির্ভর সংস্থা যা ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হয়। সংস্থাটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে (নিবন্ধন নম্বর: ঢ-০৩০৬৬), এনজিও বিষয়ক ব্যুরো (নিবন্ধন নম্বর: ৯৫২) এবং এম.আর.এ কর্তৃক সনদ প্রাপ্ত (সনদ নং: ০০৩৫০-০১৩০৮-০০০৮৬) হয়ে খুবই সক্ষমতার সাথে ক্ষুদ্র আর্থিক সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। সংস্থাটি বর্তমানে ২১ টি জেলায় ২৪১ টি শাখা'র মাধ্যমে সফলতার সাথে ঋণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সংস্থাটি PKSF এর পার্টনার। এছাড়াও বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথেও পার্টনারশীপ রয়েছে। অত্র প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তিমূলক আর্থিক কার্যক্রম পরিচালনা এবং কর্মএলাকা সম্প্রসারণের জন্য জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে বিভিন্ন পদে লোক/জনবল নিয়োগ করা হবে। **এ নিয়োগ পরীক্ষায় সকল জেলা ও বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন (ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, খুলনা, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অন্তর্ভুক্ত জেলা সমূহের প্রার্থীগণই অগ্রাধিকার পাবেন)**। উল্লেখিত পদের জন্য আগ্রহী প্রার্থীগণকে সরাসরি আবেদনপত্র সহ উপস্থিত হয়ে নিয়োগ পরীক্ষায় অংশ নিতে হবে।

| ক্রঃ নংঃ | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও বয়স | বেতন ভাতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | এলাকা ব্যবস্থাপক (অভিজ্ঞ-০৫জন) এরিয়া কার্যালয় | স্নাতক/ স্নাতকোত্তর বয়স-অনূর্ধ্ব ৪৫ বৎসর | শিক্ষানবিশকালে- **৫৪,৭০০/-** এবং স্থায়ীকরণের পর সংস্থার নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী সর্বসাকুল্যে- **৬২,৯২৮/-** টাকা। এছাড়াও প্রতিমাসে মোটরসাইকেল মেইনটেন্যান্স খরচ ও প্রকৃত ফুয়েল বিলসহ অন্যান্য সুবিধা। | জাতীয় পর্যায়ে কোন এনজিও/এমএফআই সংস্থায় এলাকা ব্যবস্থাপক/রিজিওনাল ম্যানেজার হিসেবে কমপক্ষে ০২ বছর এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমে সর্বমোট ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বর্তমানে এলাকা ব্যবস্থাপক/রিজিওনাল ম্যানেজার হিসেবে কর্মরত নন এমন প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ করার প্রয়োজন নেই।** |
| ২ | শাখা ব্যবস্থাপক (অভিজ্ঞ-৩০জন) শাখা কার্যালয় | স্নাতক/ স্নাতকোত্তর বয়স-অনূর্ধ্ব ৪০ বৎসর | শিক্ষানবিশকালে- **৪০,১২০/-** এবং স্থায়ীকরণের পর সংস্থার নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী সর্বসাকুল্যে- **৪৭,৮১২/-** টাকা। এছাড়াও প্রতিমাসে মোটরসাইকেল মেইনটেন্যান্স খরচ ও প্রকৃত ফুয়েল বিলসহ অন্যান্য সুবিধা। | জাতীয় পর্যায়ে কোন এনজিও/এমএফআই সংস্থায় শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ০২ বছর এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমে সর্বমোট ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বর্তমানে শাখা ব্যবস্থাপক হিসেবে কর্মরত নন এমন প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ করার প্রয়োজন নেই।** |
| ৩ | শাখা হিসাবরক্ষক (অনভিজ্ঞ-৩০জন) শাখা কার্যালয় | বাণিজ্যে স্নাতক/ স্নাতকোত্তর (অ্যাকাউন্টিং/ফাইন্যান্স) বি.কম/এম.কম বয়স-অনূর্ধ্ব ৩৫ বৎসর | প্রশিক্ষণকাল ১ মাস এবং মাসে ৫০০০/- টাকা হারে ভাতা প্রদান করা হবে। সফলতার সাথে প্রশিক্ষণকাল সম্পন্ন করার পর মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কর্মী হিসেবে নিয়োগ করা হবে। শিক্ষানবিশকালে- **২২,০০০/-** এবং স্থায়ীকরণের পর সংস্থার নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী বেতন ভাতা- **২৬,২৩৪/-** টাকা। এছাড়া অফিসিয়াল যাতায়াতে জন্য প্রকৃত খরচ প্রদান করা হবে। অভিজ্ঞতার প্রয়োজন নেই। | |
| ৪ | ক্রেডিট অফিসার (অনভিজ্ঞ-২৫০জন) শাখা কার্যালয় | স্নাতক/ স্নাতকোত্তর বয়স-অনূর্ধ্ব ৩৫ বৎসর | প্রশিক্ষণকাল ১ মাস এবং মাসে ৫,০০০/- টাকা হারে ভাতা প্রদান করা হবে। সফলতার সাথে প্রশিক্ষণকাল সম্পন্ন করার পর মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কর্মী হিসেবে নিয়োগ করা হবে। শিক্ষানবিশকালে- **২৮,৬০০/-** এবং স্থায়ীকরণের পর সংস্থার নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী বেতন ভাতা- **৩৩,২৩৪/-** টাকা। এছাড়া মোটরসাইকেল মেইনটেন্যান্স ও জ্বালানির জন্য নির্ধারিত হারে খরচ প্রদান করা হবে। অভিজ্ঞতার প্রয়োজন নেই। | |

**আবেদনকারীদের আম্বালার কর্মএলাকায় বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনা বাধ্যতামূলক।** সকল পদে শিক্ষানবিশকাল ০৬ মাস। বছরে বৈশাখী ভাতাসহ ৩টি উৎসব বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি সুবিধা, কর্মী কল্যাণ সুবিধা, বাৎসরিক ইনক্রিমেন্ট, এলপিআর, সাপ্তাহিক ছুটি ০২ দিন এবং নির্দিষ্ট মেয়াদ পূর্তিতে অর্জিত ছুটির সুবিধা প্রদান করা হবে। **মাঠ পর্যায়ে ২, ৩ ও ৪ নং পদে পুরুষ কর্মীদের বিনা খরচে একক আবাসন সুবিধা এবং নারী কর্মীদের ক্ষেত্রে বেতন অতিরিক্ত ১,০০০/- টাকা একক আবাসন ভাতা প্রদান করা হয়। এলাকা ব্যবস্থাপক পদে ১,৫০০/- টাকা বেতনের সাথে একক আবাসন ভাতা যুক্ত আছে।**

আগ্রহী প্রার্থীগণকে নির্বাহী পরিচালক বরাবর আবেদনপত্র, জীবন বৃত্তান্ত, সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা (মার্কসীট ও সার্টিফিকেটের কপি) ও অভিজ্ঞতার সনদপত্র, বর্তমান পদে কর্মরত যে কোন প্রমাণপত্রের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি (বাধ্যতামূলক) এবং ০১ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবিসহ সরাসরি উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করত নিম্ন সিডিউল অনুযায়ী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য বলা হচ্ছে।

| পদ | উপস্থিতির তারিখ | উপস্থিতির সময় | স্থান |
|---|---|---|---|
| ১, ২, ৩ ও ৪ নং পদ | জুন ১৯, ২০২৬ | সকাল ৮.০০-১০.০০ ঘটিকা | সরকারী জামিলা আইনুল আনন্দ উচ্চ বিদ্যালয়, খিলজী রোড, ব্লক-বি, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ (আশা টাওয়ার এর পিছনে, মাঠের দক্ষিণ পাশে)। |

**শর্তাবলী:** সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি দেখাতে হবে (মূল সনদপত্র জমা রাখা হয় না)। চাকুরীতে যোগদানের সময় সংস্থার নিয়মানুযায়ী "এলাকা ব্যবস্থাপক" এবং "শাখা ব্যবস্থাপক" পদে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, "শাখা হিসাবরক্ষক" এবং "ক্রেডিট অফিসার" পদে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত (লভ্যাংশসহ ফেরতযোগ্য) জমা দিতে হবে এবং জামিনদারের MICR ক্রস ব্যাংক চেক জমা দিতে হবে। সকল পদের জন্য পরীক্ষার রেজিস্ট্রেশন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে রেজিস্ট্রেশন করে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য, প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, স্থায়ী ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতার তথ্য গোপন/নকল সনদ দিয়ে সংস্থার নিয়োগ পেলে পরবর্তীতে ধরা পড়া মাত্র নিয়োগ বাতিল করা হবে।

**প্রয়োজনে যোগাযোগের নম্বর: ০৯৬১০৯৯০৭০৭।**

**Web: www.ambalafoundation.org**

**উপ নির্বাহী পরিচালক**
**আম্বালা ফাউন্ডেশন**